



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd



বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষাধারার **ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স** সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (COVID-19) এর চলমান পরিস্থিতিতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় কারিগরি শিক্ষার্থীদের পড়ালেখার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও বাস্তবায়নে গত ১৯/০৪/২০২০ হতে একসেস টু ইনফরমেশন (a2i) প্রকল্পের কারিগরি সহায়তায় নিয়মিতভাবে সংসদ বাংলাদেশ টেলিভিশনে এসএসসি (ভোকেশনাল) দাখিল (ভোকেশনাল) কোর্সের নবম ও দশম শ্রেণীর পাঠদানের কার্যক্রম সম্প্রচারিত হচ্ছে। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের শিক্ষার্থীদেরও পড়ালেখার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে a2i প্রকল্পের কারিগরি সহায়তায় সমন্বিতভাবে কারিগরি শিক্ষা অধিদপ্তর Facebook Live এর মাধ্যমে অনলাইনে পাঠদানের উদ্যোগ গ্রহন করেছে। নির্দিষ্ট ক্লাস রুটিন (সংযুক্ত) অনুযায়ী আগামী ১০/০৫/২০২০ খ্রি. তারিখ সকাল ৮.০০ টা হতে Facebook Live এর মাধ্যমে অনলাইনে পাঠদানের কার্যক্রম শুরু হবে।

২। ০৮ (আট) টি বিভাগীয় পলিটেকনিক ইনস্টিটিউটের অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা অনলাইনে পাঠদান কার্যক্রম পরিচালিত হবে। পাঠদানকারী শিক্ষক ক্লাসশেষে পাঠদানকৃত বিষয়ের উপর বাড়ীর কাজ দিবেন। প্রত্যেকটি বিষয়ের জন্য শিক্ষার্থীরা আলাদা খাতায় তারিখ অনুযায়ী বাড়ীর কাজ সম্পন্ন করবে এবং প্রতিষ্ঠান খোলার পর সংশ্লিষ্ট শিক্ষকের কাছে জমা দিবে। এই বাড়ীর কাজের উপর প্রাপ্ত নম্বর ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে বিবেচিত হবে।

৩। Facebook Live এর মাধ্যমে অনলাইনে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের পাঠদানের কার্যক্রম সফলভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য।

সংযুক্তি: ক্লাস রুটিন

স্বাক্ষরিত/-
(মো: সানোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব
ও
মহাপরিচালক

তারিখ: ০৫/০৫/২০২০ খ্রি.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১৬.১৪.০২১.১৮-১৪৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [বিজ্ঞপ্তিটি BTEB ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৪। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ৬। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ৭। অধ্যক্ষ/পরিচালক, বেসরকারী পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রাম, বিসিসি ভবন, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫/০৫/২০২০
(মো: সানোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব
ও
মহাপরিচালক